দৈনিক ইনকিলাব

তারিখ 10 SEP 1987
পৃষ্ঠা ... কলাম 7

021

## ঢাকা বিশ্ববিদ্যালয় ২৭ সেপ্টেম্বর খুলবে

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঢাকা বিশ্ববিদ্যালয়ে সকল ক্লাশ আগামী ২৭ সেপ্টেম্বর পুনরায় শুরু হবে এবং আবাসিক হলসমূহ ২২ সেপ্টেম্বর খুলে দেয়া হবে। ঢাকা বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেট সূত্রে এ খবর জানা গেছে। গতকাল অনুষ্ঠিত সিণ্ডিকেটের সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়।

উল্লেখ্য, গত ১৫ জুলাই ক্যাম্পাসে সংঘটিত দু'দল ছাত্রের সংঘর্ষে নিহত হওয়ার পর থেকেই ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধ রয়েছে।

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পরীক্ষা শুরুর তারিখ নির্ধারণ

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

গতকাল অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডীন, বিভাগীয় চেয়ারম্যান ও ইনস্টিটিউটসমূহের পরিচালকবৃন্দের এক সভায় বিভিন্ন পরীক্ষা শুরুর তারিখ নির্ধারণ করা হয়। সভায় সভাপতিত্ব করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান।

## পরীক্ষার তারিখ

প্রথম পৃষ্ঠার পর

সভায় বিজ্ঞান ও জীব বিজ্ঞান অনুষদের ১৯৮১-৮২ শিক্ষাবর্ষের তৃতীয় বর্ষ (সম্মান) কোর্স সিস্টেম পরীক্ষা আগামী ১৫ অক্টোবর থেকে শুরু করার সিদ্ধান্ত নেয়া হয়। এছাড়া ১৯৮২-৮৩ শিক্ষাবর্ষের তৃতীয় বর্ষ সম্মান পরীক্ষা আগামী ১৫ ডিসেম্বর এবং ১৯৮৫-৮৬ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ সম্মান আগামী ১০ নভেম্বর ও সাবসিডিয়ারী ২৫ নভেম্বর থেকে শুরু করার সিদ্ধান্ত নেয়া হয়।